১০। ভাষার প্রধান উপাদান কয়টি?

ক. ১ খ. ২

গ. ৩ ঘ. ৪

১১। কোনটি ভাষার উপাদান নয়?

ক. বাগ্‌ধ্বনি খ. বাগর্থ

গ. আওয়াজ ঘ. বাক্য

১২। পশু-পাখির ডাককে কী বলে?

ক. ধ্বনি খ. ভাষা

গ. আওয়াজ ঘ. সংকেত

১৩। এক বা একাধিক ধ্বনি মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কী বলে?

ক. আওয়াজ খ. শব্দ

গ. ধ্বনি ঘ. ভাষা

১৪। অঞ্চলভেদে যে ভাষা সৃষ্টি হয় তার নাম–

ক. উপভাষা খ. সাধুভাষা

গ. মানভাষা ঘ. চলিতভাষা

১৫। ভাষার উপাদান হিসেবে ধরলে বাক্যের স্থান কততম?

ক. প্রথম খ. দ্বিতীয়

গ. তৃতীয় ঘ. চতুর্থ

১৬। একে অন্যের সঙ্গে আলাপচারিতায় মূলত কোন ভাষা ব্যবহৃত হয় ?

ক. সাধুভাষা খ. সংলাপের ভাষা

গ. কথ্যভাষা ঘ. চলিতভাষা

১৭। ভাষার শব্দ ও বাক্যের অর্থের আলোচনাকে কী বলে?

ক. ধ্বনি খ. শব্দ

গ. বাক্য ঘ. বাগর্থ

**২। তোমার বোনের বিয়ে উপলক্ষে বন্ধুর কাছে আমন্ত্রণপত্র লেখো।**

রাজশাহী
১৫ ডিসেম্বর ২০২৬

প্রিয় অরিক,

আমার ভালোবাসা নিও। আশাকরি তোমরা সবাই ভালো আছো। শুনে অবশ্যই খুশি হবে, আগামী ১লা ফেব্রুয়ারি, ২০২৬ আমার বড় বোনের বিয়ে। বিয়ের অনুষ্ঠানে অনেক ধুমধাম হবে। তোমার কথা বারবার মনে পড়ছে। তুমি এলে খুব মজা হবে।

মা-বাবাসহ বাড়ির সবাই তোমাকে ভীষণভাবে মনে করেন। বিয়ের অন্তত এক সপ্তাহ আগে তুমি আমাদের বাড়ি চলে আসবে। তুমি না এলে বিয়ের মজাই পাওয়া যাবে না। শুধু তুমি নও, তোমাদের বাড়ির সবাইকে নিয়ে চলে আসবে। তোমাদের আগমনের অপেক্ষায় রইলাম।

বড়দেরকে আমার সালাম দিও, ছোটদের দিও আদর।

ভালো থেকো।

ইতি
তোমার বন্ধু
সাদমান জারিফ

| | ডাকটিকিট |
|---|---|
| **প্রেরক** | **প্রাপক** |
| সাদমান জারিফ<br>পাথরঘাটা<br>বরগুনা | অরিক সোবহান<br>১০০, তেজকুনি পাড়া<br>ঢাকা |

## ৪.২ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের কাছে পত্র

**১) বিদ্যালয়ে অনুপস্থিতির জন্য প্রধান শিক্ষকের কাছে ছুটির দরখাস্ত লেখো।**

তারিখ : ১ ফেব্রুয়ারি ২০২৬

প্রধান শিক্ষক
তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়
ঢাকা

২০২৬

